দৈনিক বাংলা



তারিখ ... ১৬/৬/৮২ ...
পৃষ্ঠা ... ১ কলাম ৭ ...

### সামরিক আইন টীম গঠন

# ঢাকায় শিক্ষা প্রতিষ্ঠানের সমস্যা তদন্ত করা হবে

ক-অঞ্চল, ঢাকার আঞ্চলিক সামরিক আইন প্রশাসক ঢাকা নগরীর শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সমস্যাবলী তদন্ত করতে বিগ্রেডিয়ার সর্দার মোঃ আলী হাসান, পিএসসিকে চেয়ারম্যান করে ৮ সদস্যের একটি সামরিক আইন তদন্ত টীম নিয়োগ করেছেন. বলে শনিবার বাসসের এক খবরে জানা গেছে।

তদন্ত টীম ইতিমধ্যেই তাদের কাজ শুরু করেছেন।

তদন্ত টীমের চেয়ারম্যান নিম্নোক্ত ঘোষণা প্রদান করেছেন:

সকল সরকারী ও বেসরকারী

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## তদন্ত করা হবে

(১ম পৃঃ পর)

কলেজ, স্কুল, কিন্ডার গার্টেন স্কুল ও অনুরূপ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানকে আগামী ১০ই জুনের মধ্যে চেয়ারম্যান, ঢাকা নগরীর শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের সমস্যাবলী সম্পর্কিত সামরিক আইন তদন্ত টীম, প্রযত্নে ক-অঞ্চলের আঞ্চলিক সামরিক আইন প্রশাসকের অফিস এমপি হোস্টেল, শেরে-বাংলানগর, ঢাকার নিকট লিখিতভাবে নিম্নলিখিত তথ্য পাঠাতে অনুরোধ জানানো হচ্ছে:

১। প্রতিষ্ঠানের নাম, ২। চিঠিপত্র পাঠানোর ঠিকানা, ৩। অধ্যক্ষ বা প্রধান শিক্ষকের নাম, ৪। প্রতিষ্ঠানের প্রধানের টেলিফোন নম্বর (অফিস ও বাসা উভয়ের)।

ছাত্রদের অভিভাবক ও জনগণের নিকট থেকেও ঢাকা নগরীর শিক্ষা-প্রতিষ্ঠান সম্পর্কিত লিখিত প্রস্তাব ও অভিযোগ আহবান করা হচ্ছে।